

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৬

পরিচ্ছেদঃ মুসাফির ও মুকিমের জন্য চামড়ায় মোজায় মাসেহ করা।

باب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ لِلْمُسَافِرِ وَالْمُقِيمِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ عَاصِم بْنِ أَبِي النَّجُودِ، عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ، عَنْ صَفْوَانَ بْنِ عَسَّال، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَأْمُرُنَا إِذَا كُنَّا سَفْرًا أَنْ لاَ نَنْزِعَ خِفَافَنَا ثَلاَثَةَ أَيَّام وَلَيَالِيَهُنَّ إِلاًّ مِنْ جَنَابَةٍ وَلَكِنْ مِنْ غَائِطٍ وَبَوْلِ وَنَوْم ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ حَسَنُ صَحِيحٌ . وَقَدْ رَوَى الْحَكَمُ بْنُ عُتَيْبَةَ وَحَمَّادٌ عَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الْجَدَلِيِّ عَنْ خُزَيْمَةَ بْن ثَابِتِ وَلاَ يَصِحُّ . قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيّ قَالَ يَحْيَى بْنُ سَعِيدِ قَالَ شُعْبَةُ لَمْ يَسْمَعْ إِبْرَاهِيمُ النَّخَعِيُّ مِنْ أَبِي عَبْدِ اللَّهِ الْجَدَلِيّ حَدِيتَ الْمَسْحِ . وَقَالَ زَائِدَةُ عَنْ مَنْصُورِ كُنَّا فِي حُجْرَةِ إِبْرَاهِيمَ التَّيْمِيّ وَمَعَنَا إِبْرَاهِيمُ النَّخَعِيُّ فَحَدَّثَنَا إِبْرَاهِيمُ التَّيْمِيُّ عَنْ عَمْرِو بْنِ مَيْمُونِ عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الْجَدَلِيّ عَنْ خُزَيْمَةَ بْنِ تَابِت عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ أَحْسَنُ شَيْءٍ فِي هَذَا الْبَابِ حَدِيتُ صَفْوَانَ بْن عَسَّالِ الْمُرَادِيِّ . قَالَ أَبُو عِيسَى وَهُوَ قَوْلُ أَكْثَر الْعُلَمَاءِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ مِنَ الْفُقَهَاءِ مِثْل سُفْيَانَ التَّوْرِيّ وَابْن الْمُبَارَكِ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا يَمْسَحُ الْمُقِيمُ يَوْمًا وَلَيْلَةً وَالْمُسَافِرُ ثَلاَثَةَ أَيَّام وَلَيَالِيَهُنَّ. قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُوِيَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ أَنَّهُمْ لَمْ يُوَقِّتُوا فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنسٍ. قَالَ أَبُو عِيسَى وَالتَّوْقِيتُ أَصَحُّ .

বাংলা

৯৬. হান্নাদ (রহঃ) সাফওয়ান ইবনু আসসাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ননা করেন যে, তিনি বলেনঃ আমরা



মূসাফির হলে ফরয গোসল ব্যতীত তিনদিন তিনরাত পর্যন্ত চামড়ার মোযা না খুলতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের বলেছেন। এই নির্দেশ ছিল পেশাব-পায়খানা ও নিদ্রার ক্ষেত্রে প্রযোজ্য। - ইবনু মাজাহ ৪৭৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। হাকাম ইবনু উতায়বা হাম্মাদ (রহঃ) ইবরাহীম আন্ নাখঈ- আবূ আবদিল্লাহ্ আল-জাদালী-খাযায়মা ইবনু ছাবিত রাদিয়াল্লাহ্ আনহ সূত্রে মাসেহ সম্পর্কিত একটি হাদিস বর্ণনা করেছেন। তবে এটির সনদ সহীহ নয়। আলী ইবনু'ল মাদীনী (রহঃ) শু'বা থেকে বর্ণনা করেন যে, শু'বা বলেনঃ ইবরাহীম আন্-নাখঈ (রহঃ) চামড়ার মোযায় মাসেহ সম্পর্কিত হাদিসটি আবূ আবদিল্লাহ আল জাদালী থেকে শুনেনি। যাইদা (রহঃ) মানসূর থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমরা ইবরাহীম আত্-তায়মীর হুজরায় ছিলাম। ইবরাহীম আন্-নাখঈও সেখানে আমাদের সঙ্গে ছিলেন। ইবরাহীম আত্-তায়মী আমদেরকে আমর ইবনু মায়মন-আবূ আবদিল্লাহ আল- জাদালী-খুযায়মা ইবন ছাবিত রাদিয়াল্লাহ্ আনহু সূত্রে চামড়ার মোযায় মাসেহ সম্পর্কিত হাদিসটি রিওয়ায়াত করেন।

ইমাম মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল-বুখারী (রহঃ) বলেনঃ এই বিষয়ে রাফওয়ান ইবনু' আসসাল আল-মুরাদী বর্ণিত হাদিসটি সর্বোত্তম। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ সাহাবী, তাবিঈ এবং পরবর্তী আলিম ও ফকীহগণ যেমন সুফইয়ান ছাওরী, ইাবন মুবারক, শাফিঈ, আহমদ ও ইসহাক প্রমুখের অভিমত এ-ই। তারা বলেনঃ মুকীম ব্যক্তি একদিন এক রাত এবং মূসাফির ব্যক্তি তিনদিন তিনরাত চামড়ার মোযায় মাসেহ করতে পারবে। আলিমদের কারো কারো যেমন, মালিক ইবনু আনাসের বক্তব্য হল, মাসহ(মাসেহ)র জন্য নির্ধারিত কোন সময় নাই। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন, তবে সময় নির্ধারিত থাকার অভিমতটি অধিকতর সহীহ।

English

Safwan bin Assal narrated:

'When we were traveling, Allah's Messenger would order us not to remove our Khuff for three days and nights, except for Janabah, but not for defecating, urinating, and sleep."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাফওয়ান ইবনে আসসাল (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন